প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড

বিএসইসি

আগ্রাবাদ, চট্টগ্রাম।

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নম্বরঃ প্রগতি/প্রশাঃ/৬৯/২০১৯-১০৪ তারিখঃ১৭-০১-২০১৯

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ, চট্টগ্রাম এর নিম্নবর্ণিত শূণ্য পদ সমূহে অস্থায়ীভিত্তিতে শ্রমিক নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মজুরি স্কেল (জাতীয় মজুরি স্কেল,২০১৫)	বয়স অনুর্ধ্ব	শিক্ষাগত যোগ্যতা
০১।	শ্রমিক	৫২ টি	টাকা ৮৩০০-৮৭২০-৯১৬০-৯৬২০-১০১১০-১০৬২০-১১১৬০---১৯১৪০/-	৩০বছর	অষ্টম শ্রেণী পাশ।

২। আগ্রহী চাকুরীপ্রার্থীদের ০৪(চার) কপি ছবি এবং প্রয়োজনীয় তথ্য সংবলিত এক পাতার নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম অত্র প্রতিষ্ঠানের ওয়েব সাইটে (www.pragotiindustries.gov.bd) ও নিম্নবর্ণিত অফিসে পাওয়া যাবেঃ

ক) প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ, ফিনলে হাউজ (২য় তলা), ১১-আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

খ) প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ, ১৫১-১৫২ তেঁজগাও শিল্প এলাকা, তেঁজগাও, ঢাকা।

৩। প্রার্থীদের চাকুরীর নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে।

৪। প্রার্থীদের ফরমের সাথে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

ক) চাকুরী প্রার্থীর সদ্য তোলা ০৪(চার) কপি৫x৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে(সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

খ) চাকুরী প্রার্থীদের **"প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড"** এর অনুকূলে ১০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) চাকুরীর আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

ঘ) সকল অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

ঙ) সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

চ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ছ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরীর আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে)।

জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা এবং পুত্র-কণ্যার পুত্র-কণ্যা হিসাবে চাকুরী প্রার্থীর পিতা-মাতা এবং পিতা-মাতার পিতা-মাতা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসাবে বিবেচিত হবেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ: ০৭-১১-২০১০ মোতাবেক যাদের নাম মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। অথবা যারা মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার স্বাক্ষরযুক্ত সনদপত্র গ্রহণ করেছেন। এক্ষেত্রে প্রমাণক হিসাবে এর মূল সনদ প্রদর্শন এবং এর সত্যায়িত কপিসহ চাকুরী প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা বা পুত্র-কণ্যার পুত্র-কণ্যা এ মর্মে ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্র জমা দিতে হবে।

ঝ) সকল সনদপত্র/রেকর্ডপত্র সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সু-সম্পষ্ট নাম, পদবী ও সীল মোহর থাকতে হবে। ।

৫। গ্রহণযোগ্য চাকুরী প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।মৌখিক পরীক্ষা গ্রহণকালে আবেদন ফরমের সাথে সংযুক্ত সকল সনদপত্র/কাগজপত্র এর মূল কপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকটআবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে এবং ০১(এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

৬। প্রার্থীর বয়স ৩১-০১-২০১৯ ইং তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কণ্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর। বয়স সংক্রান্ত কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবেনা।

৭। অত্র প্রতিষ্ঠানে নৈমিত্তিক ভিত্তিতে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৮। অত্র প্রতিষ্ঠানে নৈমিত্তিক ভিত্তিতে কর্মরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।

৯। কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী কারিগরী বা ট্রেড কোর্স (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল) অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১০। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।

১১। খামের উপর প্রার্থীর নিজের নাম ও ঠিকানা এবং প্রার্থীত পদের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

১২। আবেদনপত্র আগামী ০৪-০২-২০১৯ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ব্যবস্থাপনা পরিচালক, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিঃ, ফিনলে হাউজ(২য় তলা), ১১-আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম এর ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা।

১৩। নিয়োগপ্রাপ্তির পর শ্রমিকরা প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশ হিসাবে কাজ করবেন। পরবর্তীতে সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সম্পন্ন করার পর নিয়মানুযায়ী চাকুরী স্থায়ী করণ করা হবে।

১৪। অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ, ত্রুটিপূর্ণ, কাঁটাছেড়া, ঘষা-মাঝা ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৫। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল, পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন)